স্মারক নং-২/শিক্ষা/ইবি-২০২৩/৮৬৭ তারিখ:- ২৩-০১-২০২৩

# ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষে GST গুচ্ছভূক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণকারী শিক্ষার্থীদের মধ্যে যে সকল শিক্ষার্থী ইসলামী বিশ্ববিদ্যালয়ের A, ই ও C ইউনিটসমূহে ভর্তির জন্য ১ম থেকে ৭ম মেধা তালিকায় বিভাগ প্রাপ্ত হয়েছে সে সকল শিক্ষার্থীদেরকে আগামী ২৯-০১-২০২৩ তারিখ থেকে ০১-০২-২০২৩ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য আহবান করা হচ্ছে। ০১-০২-২০২৩ তারিখে ভর্তির পর যদি কোন বিভাগে আসন খালি থাকে তাহলে শূন্য আসন পূরণের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের মাধমে পরবর্তী ভর্তি কার্যক্রম সম্পর্কে জানানো হবে।

**তফসিল :**

১। GST গুচ্ছভূক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ করে যে সকল শিক্ষার্থী ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক(সম্মান) শ্রেণীতে ভর্তির জন্য ১ম থেকে ৭ম মেধা তালিকায় বিভাগপ্রাপ্ত হয়েছে শুধুমাত্র সে সকল শিক্ষার্থী আগামী ২৯-০১-২০২৩ তারিখ থেকে ০১-০২-২০২৩ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করবে। ১ম থেকে ৭ম মেধা তালিকায় বিভাগপ্রাপ্ত শিক্ষার্থীগণ সশরীরে প্রয়োজনীয় কাগজপত্রসহ সর্বশেষ প্রাপ্ত বিভাগ হতে ভর্তি ফরম সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করত : আনুষাঙ্গিক ফি জমাদান রশিদ সংগ্রহ করে অগ্রণী ব্যাংক ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় জমা দিয়ে ভর্তি ফরমে বিভাগীয় সভাপতি, ডীন মহোদয় ও হল প্রভোষ্টের স্বাক্ষর করে একাডেমিক শাখায় জমা দিতে হবে।।

২। শিক্ষার্থীগণ যে বিভাগে চূড়ান্তভাবে ভর্তি হবে, 'বিভাগ উন্নয়ন ফি' শুধুমাত্র সেই বিভাগেই প্রদান করতে হবে। বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষার্থীদের পূর্ববর্তী বিভাগে ভর্তির সময় সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক আদায়কৃত 'বিভাগ উন্নয়ন ফি' ৩০০০/=(তিন হাজার) টাকা হতে ১০% অর্থ (৩০০/= তিনশত) টাকা কর্তন করে বিভাগ অবশিষ্ট অর্থ সংশ্লিষ্ট শিক্ষার্থীকে নগদ প্রদান করবে।

৩। **ভর্তি প্রক্রিয়া ও শর্তাবলী :**

২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে শিক্ষার্থীদের ভর্তির জন্য A ইউনিটের অন্তর্ভূক্ত বিভাগসমূহে ভর্তি ও আনুষঙ্গিক ফি' ৫,৫৩০/= টাকা, ছাত্র কল্যাণ ফি ১৬০/= টাকা, ফেটাল ডিজিজ রিকভারী ফান্ড ২০০/= টাকা পরিবহন ফি ১,৯৬০/=টাকাসহ সর্বমোট ৭,৮৫০/=টাকা। B ইউনিটের অন্তর্ভূক্ত বিভাগসমূহে ভর্তি ও আনুষঙ্গিক ফি' ৪,০৩০/= টাকা, ছাত্র কল্যাণ ফি ১৬০/= টাকা, ফেটাল ডিজিজ রিকভারী ফান্ড ২০০/= টাকা, পরিবহন ফি ১,৯৬০/=টাকাসহ সর্বমোট ৬,৩৫০/= টাকা। C ইউনিটের অন্তর্ভূক্ত বিভাগসমূহে ভর্তি ও আনুষঙ্গিক ফি' ৪,৫১০/= টাকা, ছাত্র কল্যাণ ফি ১৬০/= টাকা, ফেটাল ডিজিজ রিকভারী ফান্ড ২০০/= টাকা পরিবহন ফি ১,৯৬০/=টাকাসহ সর্বমোট ৬,৮৩০/= টাকা। নির্ধারিত রশিদ বই-এর মাধ্যমে অগ্রণী ব্যাংক, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় জমা দিয়ে ভর্তি হতে হবে। এ ছাড়াও ডীন অফিস ২৫০/= টাকা, 'বিভাগ উন্নয়ন ফি' ৩০০০/= টাকা ও অনাবাসিক শিক্ষার্থীদের হল সংযুক্তি ও আনুষঙ্গিক ফি'বাবদ ৯১৫/= টাকা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক নির্ধারিত রশিদ বই-এর মাধ্যমে অগ্রণী ব্যাংক, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

**GST তে ৫,০০০/=টাকা জমাকৃত শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য :**

৪। ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক ভর্তি নিশ্চয়নের জন্য যে সকল শিক্ষার্থী ইতোমধ্যে ৫,০০০/=টাকা জমা দিয়েছে শুধুমাত্র সেই সকল শিক্ষার্থীদের ইসলামী বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য জমাকৃত ৫০০০/= টাকা বাদে অবশিষ্ট ভর্তি ও আনুষাঙ্গিক ফি A ইউনিটের অন্তর্ভূক্ত বিভাগসমূহে জন্য ১,৫৩০/= টাকা, ছাত্র কল্যাণ ফি ১৬০/= টাকা, ফেটাল ডিজিজ রিকভারী ফান্ড ২০০/= টাকা পরিবহন ফি ৯৬০/=টাকাসহ সর্বমোট ২,৮৫০/=টাকা। B ইউনিটের অন্তর্ভূক্ত বিভাগসমূহের জন্য ৩০/= টাকা, ছাত্র কল্যাণ ফি ১৬০/= টাকা, ফেটাল ডিজিজ রিকভারী ফান্ড ২০০/= টাকা পরিবহন ফি ৯৬০/=টাকাসহ সর্বমোট ১,৩৫০/= টাকা। C ইউনিটের অন্তর্ভূক্ত বিভাগসমূহের জন্য ৫১০/= টাকা, ছাত্র কল্যাণ ফি ১৬০/= টাকা, ফেটাল ডিজিজ রিকভারী ফান্ড ২০০/= টাকা, পরিবহন ফি ৯৬০/=টাকাসহ সর্বমোট ১,৮৩০/= টাকা। নির্ধারিত রশিদ বই-এর মাধ্যমে অগ্রণী ব্যাংক, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় জমা দিয়ে ভর্তি হতে হবে। এ ছাড়াও ডীন অফিস ২৫০/= টাকা, 'বিভাগ উন্নয়ন ফি' ৩০০০/= টাকা ও অনাবাসিক শিক্ষার্থীদের হল সংযুক্তি ও আনুষাঙ্গিক ফি'বাবদ ৯১৫/=(নয়শত পনের) টাকা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক নির্ধারিত রশিদ বই-এর মাধ্যমে অগ্রণী ব্যাংক, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

সংশ্লিষ্ট শিক্ষার্থীদের আবেদনপত্রের সাথে (ক) পাসপোর্ট আকারের সত্যায়িত ২(দুই) কপি ছবি। (খ) মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক পাশের একাডেমিক ট্র্যান্সক্রিপ্ট-এর প্রত্যেকটির সত্যায়িত ফটোকপি। (গ) জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি (ঘ) পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি। (ঙ) অভিভাবকের আয়ের সনদপত্রের কপি সংযুক্ত করতে হবে। ভর্তিচ্ছু শিক্ষার্থীদের প্রত্যেকের আবেদন পত্রের সাথে অবশ্যই তাদের ভর্তি পরীক্ষার প্রবেশপত্র এবং এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষা পাশের মূল একাডেমিক ট্র্যান্সক্রিপ্ট (ফেরৎযোগ্য) জমা দিতে হবে। মূল একাডেমিক ট্র্যান্সক্রিপ্ট ব্যতীত কোন ছাত্র-ছাত্রীকে ভর্তির অনুমতি দেওয়া হবে না।

উল্লেখ্য, GST গুচ্ছভূক্ত বিশ্ববিদ্যালয়সমূহের যে কোন একটি বিশ্ববিদ্যালয়ে যদি ৫,০০০/= টাকা ও মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা থাকে তাহলে সে সকল শিক্ষার্থীকে বিভাগীয় সভাপতির সুপারিশক্রমে মুল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা দেওয়ার জন্য ১(এক) সপ্তাহ সময় প্রদান সাপেক্ষে ভর্তির অনুমতি দেয়া হবে। এ বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার পর যদি কোন শিক্ষার্থীর দাখিলকৃত একাডেমিক ট্র্যান্সক্রিপ্ট, প্রশংসা পত্র ও সনদ পত্র (যে কোন ধরণের সনদ পত্র) ইত্যাদি অসত্য বলে প্রমাণিত হয় তবে এই বিশ্ববিদ্যালয় হতে তার ভর্তি বাতিল করা হবে।

৫। **ক্লাশ শুরু :** ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ক্লাশ শুরুর বিষয়ে পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের মাধ্যমে জানানো হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

২৬/০১/২০২৬

(এইচ.এম.আলী হাসান)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া